

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

স্বাস্থ্য ও সচেতনতা

আরো

ফটো গ্যালারি

ভিডিও

## ডঃ অরিজিৎ দাসের সৌজন্যে রাজ্যের পালকে যুক্ত হল অনন্য সন্মান

Posted on **July 31, 2015** by **santanu99** —

দেবজিৎ চক্রবর্তী, আগরতলা, ৩১ জুলাই ॥ রাজ্যের শিক্ষা জগতে পরিচিত ব্যক্তিত্ব রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস গবেষণাধর্মী কাজে স্বকীয় বৈশিষ্ট্যে ইতিমধ্যেই রসায়ন সম্পর্কিত জার্নাল প্রকাশ করে দেশে বিদেশে সুনাম কুড়িয়েছেন, শ্রী দাসের প্রকাশিত জার্নাল আন্তর্জাতিক স্তরে প্রশংসিত হয়েছে। রাজ্যের এই কৃতি সন্তান ডঃ অরিজিৎ দাসের 'Education in Chemical Science & Technology' প্রায় একবছর Indian Chemical Society-র গবেষকদের দীর্ঘ নিরিক্ষনের শেষে প্রকাশিত হয়েছে ৩১শে জুলাই ২০১৫ ইংরেজীতে কোলকাতায় এই অনারস্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে। ডঃ অরিজিৎ দাসের 'Education in Chemical Science



& Technology' জার্নালের মোড়ক উন্মোচন হয় কোলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলার প্রোফেসর ধুবজ্যোতি চক্রবর্তীর হাত দিয়ে। Indian Chemical Society কোলকাতাস্থিত A.P.C. রোডে জাতীয় স্তরে সম্প্রতি বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আধুনিক গবেষণালব্ধ জার্নাল প্রকাশ অনুষ্ঠান আয়োজিত হয়। Jadavpur University, Calcutta University, IACS এবং Indian Chemical Society-র উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে ডঃ অরিজিৎ দাসের নবতম জার্নাল প্রকাশিত হয়েছে যার মধ্যদিয়ে রসায়নের মৌলিক গবেষণার ক্ষেত্রে শ্রী দাসের এই অনন্য সন্মানের ফলে রাজ্যের পালকে যুক্ত হয়েছে নতুন পালক।

উল্লেখ্য, ডঃ অরিজিৎ দাসের 'Education in Chemical Science & Technology' তে রসায়ন বিদ্যার ১৬টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৬টি আধুনিক ফর্মুলার সংযোজন রয়েছে। ডঃ অরিজিৎ দাসের প্রত্যাশা তাঁর এই নতুন প্রকাশিত জার্নাল রসায়ন বিদ্যার ক্ষেত্রে অনেকটাই সহজ পথের দিশা দেবে।



This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/7202>].

